

ঢাকসু নির্বাচন

# প্রীতিলতা হল সংসদে ছাত্রী সংস্থার প্যানেলের নাম “সংঘবদ্ধ ছাত্রী জোট”

চবি সংবাদদাতা

প্রকাশিত: ১৩:৩০, ১৬ সেপ্টেম্বর ২০২৫



ছবি: দৈনিক জনকণ্ঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ঢাকসু) ও হল সংসদ নির্বাচনে প্রীতিলতা হল সংসদে ছাত্রীসংস্থার ১৬ জন মনোনয়ন নিয়েছেন।

এতে সহ-সভাপতি (ভিপি) পদে হিসাববিজ্ঞান বিভাগের ১৯-২০ শিক্ষাবর্ষের মিজবাহুল জান্নান তারিন, সাধারণ সম্পাদক (জিএস) পদে আরবি বিভাগের ২২-২৩ শিক্ষাবর্ষের নাদিয়া সুলতানা তাসনিয়া, যুগ্ম-সাধারণ সম্পাদক (এজিএস)পদে ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের ২২-২৩ শিক্ষাবর্ষের আফরিদা রিমা লড়বেন।

এদিকে দুপুর ১২টা পর্যন্ত কেন্দ্রীয় সংসদে মনোনয়নপত্র নিয়েছেন ১২৭ জন প্রার্থী।  
বিষয়টি নিশ্চিত করেছেন চাকসু প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিন।

---